

পশ্চিমবঙ্গ মূল্যায়ন পর্ষদ  
Website: www.westbengalvaluationboard.org

উত্তর দম দম পুর এলাকা সম্পর্কিত বিজ্ঞপ্তি

## সাধারণ বিজ্ঞপ্তি নং ২০২/ডব্লু.বি.ভি.বি

তারিখ ২৪/০৭/২০১৭

পশ্চিমবঙ্গ মূল্যায়ন পর্ষদ আইন, ১৯৭৮ (West Bengal Act LVII of 1978) এর ৯  
ধারার (১) উপধারা মোতাবেক পশ্চিমবঙ্গ সরকারের ৩০শে ডিসেম্বর ২০১৬ সালের  
৩৯৯/এমএ/ও/সি-৬/৪এ-১৯/২০১৬ নং বিজ্ঞপ্তির বলে উত্তর ২৪ পরগনা জেলা অর্থগত উত্তর  
দম দম পুর এলাকায় অবস্থিত সকল জমি ও বাড়ির মূল্যায়ন নির্ধারণ (General Valuation)  
পশ্চিমবঙ্গ মূল্যায়ন পর্ষদ কর্তৃক সম্পন্ন হইবে।

পশ্চিমবঙ্গ মূল্যায়ন পর্ষদ আইন - ১৯৭৮ এর ১৬নং ধারা এবং তদনুযায়ী রচিত  
নিয়মাবলী অনুসারে উক্তর দম দম পুর এলাকায় অর্ণগত সকল জমি ও বাড়ির মালিক অথবা  
বসবাসকারীদের প্রত্যেককে এই বিজ্ঞপ্তির ৩০ দিনের মধ্যে নিজ নিজ জমি ও বাড়ির তথ্যাদি  
সম্পত্তি একটি বিবরণ নামা পেশ করিতে হইবে। পশ্চিমবঙ্গ মূল্যায়ন পর্ষদ নিয়মাবলী (জমি ও  
বাড়ির মূল্যায়ণ) ১৯৮৪ - র তফশীল তিনে বর্ণিত ফরম মোতাবেক উক্ত বিবরণ নামা প্রদেয়।  
উক্ত ফরম পর্ষদ এর ক্যান্প অফিসে তথা উক্তর দম দম পুর ভবনস্থিত পর্ষদ কার্যালয়ে  
প্রতিদিন (শনিবার ও ছুটির দিন ব্যতীত) সকাল ১টা থেকে বিকাল ৪টা পর্যন্ত বিনামূল্যে পাওয়া  
যাইবে। এই ফরমটি ([www.westbengalvaluationboard.org](http://www.westbengalvaluationboard.org)) ওয়েবসাইট থেকে download করা  
যাইতে পারে।

উত্তর দম দম পুর এলাকায় সকল জমি ও বাড়ির মালিক ও বসবাসকারীদের এতদ্বারা  
এই বিজ্ঞপ্তির জারির ৩০ দিনের মধ্যে নির্দিষ্ট ফর্মে প্রদেয় বিবরণ নামা উপরিবর্ণিত ক্যাম্প  
অফিসে অথবা পর্যন্ত আফিসে দাখিল করিতে অনুরোধ করা হইতেছে। উল্লেখ থাকে যে এই বিবরণ  
নামা দাখিল করা তাঁহাদের একটি বিধিবদ্ধ কর্তব্য।

সদস্য সচিব

পশ্চিমবঙ্গ মুল্যায়ণ পর্ষদ

তারিখ :- ২৪/০৭/২০১৯.

## পশ্চিমবঙ্গ মুল্যায়ন পর্ষদ,

ମୟୁଖଭବନ, ପ୍ରଥମ ତଳ, ବିଧାନନଗର,

কলকাতা - ৭০০০৯১